



বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)  
(প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়)  
স্থাপিত-১৯৮৪

বিদেশে কর্মী নিয়োগ প্রক্রিয়ায় বোয়েসেলের কোন এজেন্ট/ সাব এজেন্ট/ দালাল বা প্রতিনিধি নেই

স্বল্প খরচে সরকারিভাবে জর্ডানে গার্মেন্টস এ দক্ষ মহিলা কর্মী নিয়োগে সরাসরি সাক্ষাৎকার

বিজ্ঞপ্তি নং-49.02.0000.004.38.001.21-

তারিখ : ১২.০৬.২০২২ খ্রিস্টাব্দ।

বোয়েসেলের মাধ্যমে জর্ডানের ASEEL UNIVERSAL GARMENTS MFRG CO এর অধীনে নিম্নবর্ণিত পদে শুধু দক্ষ মহিলা কর্মী নিয়োগ করা হবে :

ক্র.	পদের নাম	পদের সংখ্যা	মাসিক মূলবেতন
০১	মেশিন অপারেটর (Sewing Operator)	২৫ জন	১২৫ (জে.ডি)

প্রার্থীদের সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা এবং বয়স ২০-৩৯ এর মধ্যে হতে হবে।

চাকরির শর্তাবলি:

- (১) দৈনিক ৮ (আট) ঘণ্টা ডিউটি, সপ্তাহে ৬ (ছয়) দিন এবং ওভারটাইম (স্বেচ্ছাধীন) ;
- (২) চাকরির চুক্তি ৩ (তিন) বৎসর (নবায়নযোগ্য) ;
- (৩) নিয়োগকর্তা কর্তৃক থাকা, খাওয়া ও প্রাথমিক চিকিৎসা এবং পরিবহনের ব্যবস্থা করা হবে ;
- (৪) চাকরিতে যোগদানের বিমান ভাড়া এবং তিন বছর চাকরি শেষে দেশে ফেরত আসার বিমান ভাড়া নিয়োগকর্তা বহন করবে ;
- (৫) অন্যান্য শর্ত জর্ডানের শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে ;
- (৬) যাদের বিরুদ্ধে দেশে বা জর্ডানে কোনো মামলা আছে, তারা নিয়োগের অযোগ্য হবে ;

বোয়েসেলের সার্ভিস চার্জ ও অন্যান্য খরচ :

নির্বাচিত মহিলা কর্মীদের কোন প্রকার টাকা লাগবে না। শুধু মাত্র মেডিক্যাল ফি বাবদ ১,০০০/- (এক হাজার) টাকা এবং ফিসার প্রিন্ট বাবদ ২২০/ (দুইশত বিশ) টাকা খরচ হবে। উল্লিখিত পরিমাণ ব্যতিত অন্য কোথাও কোন প্রকার অতিরিক্ত খরচের প্রয়োজন নেই।

সাক্ষাৎকারের সময় যা অবশ্যই সঙ্গে আনতে হবে :

- (১) ৪ (চার) কপি পাসপোর্ট সাইজ রঙিন ছবি (২) মূল পাসপোর্ট ও মূল পাসপোর্টের ছবিযুক্ত অংশের ০১ (এক) সেট রঙিন ও চার সেট সাদাকালো ফটোকপি (৩) শিক্ষাগত / অভিজ্ঞতার সনদ (যদি থাকে)।

আগ্রহী প্রার্থীদের উল্লিখিত কাগজপত্রসহ ১৭ জুন ২০২২ খ্রি. শুক্রবার, সকাল ৮.০০ টায় সাক্ষাৎকার/টেস্ট প্রদানের জন্য শেখ ফজিলাতুন্নেসা মুজিব কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, দারুস-সালাম রোড, মিরপুর, ঢাকা এ উপস্থিত থাকতে অনুরোধ করা হলো। এ সংক্রান্ত যে কোনো তথ্যের জন্য বোয়েসেল-এর টেলিফোন এবং হটলাইন নম্বরে যোগাযোগ করা যেতে পারে। উল্লেখ্য যে, প্রার্থীদের কোনো Bio-data (জীবন বৃত্তান্ত) সঙ্গে আনার প্রয়োজন নেই।

বোয়েসেল কোনো নগদ অর্থ গ্রহণ করে না বিধায় কাউকে কোনো নগদ অর্থ প্রদান করবেন না

Tamey  
২২-৬-২০২২

মোসা. তানিয়া হক  
সহকারী ব্যবস্থাপক  
বোয়েসেল, ঢাকা

12.06.2022

মো. আব্দুস সোবহান  
কোম্পানি সচিব  
(সিনিয়র সহকারী সচিব)  
বোয়েসেল, ঢাকা

অফিস ঠিকানা :

প্রবাসী কল্যাণ ভবন (৫ম তলা)  
৭১-৭২ ইস্কাটন গার্ডেন  
রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।



যোগাযোগ নম্বর :

ফোন : +৮৮-০২-৫৮৩১১৮৩৮, ৮৮৩১৯১২৫ ও ৮৮৩১৭৫১৫ (পিএবিএক্স)  
ফ্যাক্স : +৮৮-০২-৫৮৩১-৬৫৭৭, +৮৮-০২-৯৩৩০৬৫২  
ইমেইল : info@boesl.gov.bd, md@boesl.gov.bd  
ওয়েব : www.boesl.gov.bd